গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, বৃহস্পতিবার ৭ মে ২০১৫, ২৪ বৈশাখ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ঢাকা ও চট্টগ্রামের নবনির্বাচিত তিন সিটি মেয়রের শপথ করালেন প্রধানমন্ত্রী
২। ভারতের রাজ্যসভায় ঐতিহাসিক স্থল সীমান্ত বিল পাস
৩। দুর্যোগ মোকাবিলায় এনইওসি প্রতিষ্ঠা করছে সরকার
৪। কেন্দ্রীয় ব্যাংককে শেয়ারবাজারে নজর দেওয়ার আহ্বান বাণিজ্যমন্ত্রীর
৫। যাত্রাবাড়ীতে বাসে পেট্রলবোমা হামলায় খালেদা জিয়াকে হুকুমের আসামি করে আদালতে চার্জশিট
৬। সুন্দরবনে ডুবে যাওয়া জাহাজ ৪ দিনেও উদ্ধার হয়নি : দুটি তদন্ত কমিটি গঠন
৭। ইলিশের অতিরিক্ত চাহিদায় বেড়েছে মূল্যস্ফীতি দাবি পরিকল্পনামন্ত্রীর
৮। শ্রমিক কল্যাণ তহবিলে মালিকদের অর্থ প্রদান বাধ্যতামূলক হচ্ছে
৯। বাংলাদেশকে গভীর সমুদ্রবন্দর নির্মাণে সহায়তা দিতে চায় চীন
১০। ব্রিটেনে জাতীয় নির্বাচন আজ : লড়ছেন ১৩ বাংলাদেশি
১১। রাজধানীর ঝুঁকিপূর্ণ ৩২১ ভবনে চিহ্ন দেবে রাজউক

চলমান পাতা/২

১। ঢাকা ও চট্টগ্রামের নবনির্বাচিত তিন সিটি মেয়রের শপথ করালেন প্রধানমন্ত্রী

সততা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন এবং দেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য প্রকাশ করে আনন্দঘন পরিবেশে শপথ নিলেন নবনির্বাচিত ঢাকা ও চট্টগ্রামের তিন সিটি মেয়র আনিসুল হক, মোহাম্মদ সাঈদ খোকন ও আ জ ম নাছির উদ্দিন। একই সঙ্গে শপথ নিয়েছেন তিন সিটি কর্পোরেশনের নির্বাচিত ১৭৬ জন সাধারণ ও সংরক্ষিত মহিলা ওয়ার্ড কাউন্সিলররাও। শপথবাক্য পাঠ করানোর পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা নবনির্বাচিত তিন মেয়রকেই সততা ও আইনের মধ্যে থেকে নগরবাসীর উন্নয়নে ভূমিকা রাখার নির্দেশ দিয়েছেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), প্রথম আলো (পৃ.২,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.৪)।

২। ভারতের রাজ্যসভায় ঐতিহাসিক স্থল সীমান্ত বিল পাস

বাংলাদেশ ও ভারতের ছিটমহল সমস্যা সমাধানের লক্ষ্যে ভারতের রাজ্যসভায় ঐতিহাসিক স্থল সীমান্ত বিল পাস হয়েছে। গতকাল ৬ মে বুধবার দেশটির রাজ্যসভায় বিলটি উত্থাপনের পরে তা সর্বসম্মতিক্রমে পাস হয়। রাজ্যসভায় বিলটি পাসের পরে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে ভারতকে অভিনন্দন জানানো হয়েছে। আজ ৭ মে বৃহস্পতিবার ভারতের লোকসভার অধিবেশনে বিলটি চূড়ান্তভাবে পাস হবে বলে জানা গেছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৬), সংবাদ (পৃ.১,ক.৬), প্রথম আলো, ইত্তেফাক, ডেইলি স্টার, নিউজ টুডে, নিউ নেশনসহ কয়েকটি দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। দুর্যোগ মোকাবিলায় এনইওসি প্রতিষ্ঠা করছে সরকার

ভয়াবহ ভূমিকম্পসহ যে কোনো দুর্যোগের সময়ে জরুরি পরিস্থিতি মোকাবিলায় সরকার ‘ন্যাশনাল ইমার্জেন্সি অপারেশন সেন্টার (এনইওসি)’ প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত নিয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ে (পিএমও) অনুষ্ঠিত ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট কাউন্সিলের এক সভায় গতকাল ৬ মে বুধবার এই সিদ্ধান্ত নেওয়া হয়। প্রধানমন্ত্রীর প্রেস সচিব এ কে এম শামীম চৌধুরী বৈঠক শেষে সাংবাদিকদের জানান, যে কোনো দুর্যোগের পর এনইওসি জরুরি উদ্ধার অভিযান চালাবে। রিখটার স্কেলে ৮ মাত্রার ভূমিকম্পে সৃষ্ট পরিস্থিতি মোকাবিলায় সক্ষম এমন যন্ত্রপাতি দিয়ে সজ্জিত হবে এনইওসি। এনইওসি স্টেক হোল্ডারদের কর্মকাণ্ড মনিটর এবং দুর্যোগের সময়ে প্রয়োজনীয় নির্দেশনা দেবে। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.২), প্রথম আলো (পৃ.২,ক.৪), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.৬), নিউ নেশন (শেষ পৃ.,ক.৬)।

৪। কেন্দ্রীয় ব্যাংককে শেয়ারবাজারে নজর দেওয়ার আহ্বান বাণিজ্যমন্ত্রীর

কেন্দ্রীয় ব্যাংককে শেয়ারবাজারের প্রতি নজর দেওয়ার আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। ২০১০ সালে শেয়ারবাজার ধসের বিষয়টি স্মরণ করিয়ে দিয়ে বলেন, শেয়ারবাজারে চাঙ্গা অবস্থায় ব্যাংকগুলো বিনিয়োগ করে অনেক মুনাফা অর্জন করেছিল। হঠাৎ আইনের বাস্তবায়ন করতে গিয়ে ব্যাংকগুলোকে অতিরিক্ত বিনিয়োগকৃত অর্থ প্রত্যাহারের নির্দেশ দেয়। তখন সব ব্যাংক মুনাফা নিয়ে বাজার থেকে বের হয়ে গেল। আর ছাত্র-শিক্ষকসহ ক্ষুদ্র বিনিয়োগকারীরা ভিখারীতে রূপান্তর হলো। গতকাল ৬ মে বুধবার রাজধানীর মতিঝিলে বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার (বিয়াক) ও মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এমসিসিআই) আয়োজিত এক সেমিনারে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), সংবাদ (পৃ.১,ক.১), প্রথম আলো (পৃ.১৩,ক.২), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.৫), ফিনানসিয়াল এক্সপ্রেস এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। যাত্রাবাড়ীতে বাসে পেট্রলবোমা হামলায় খালেদা জিয়াকে হুকুমের আসামি করে আদালতে চার্জশিট

বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়াকে হুকুমের আসামি করে রাজধানীর যাত্রাবাড়ীতে বাসে পেট্রলবোমা হামলার ২টি মামলায় চার্জশিট দিয়েছে মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। গতকাল ৬ মে বুধবার মামলার তদন্ত কর্মকর্তা ডিবি পুলিশের এসআই বশির উদ্দিন আদালতের সংশ্লিষ্ট জিআর শাখায় এই চার্জশিট দাখিল করেন। এতে খালেদা জিয়াসহ ৩৮ জনের বিরুদ্ধে অভিযোগ উত্থাপন করা হয়েছে। অবরোধ চলাকালে নাশকতার কোনো মামলায় এই প্রথম বেগম খালেদা জিয়াকে আসামি করে চার্জশিট দাখিল করা হল। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.১), ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৬)। ইনকিলাব, জনকণ্ঠ, আমাদের সময়, নয়া দিগন্ত এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। সুন্দরবনে ডুবে যাওয়া জাহাজ ৪ দিনেও উদ্ধার হয়নি : দুটি তদন্ত কমিটি গঠন

পূর্ব সুন্দরবনের শরণখোলা রেঞ্জের ভোলা নদের বিমলের চর এলাকায় ৫০০ মেট্রিক টন পটাশ সার নিয়ে ‘জাবালে নূর’ নামে জাহাজডুবি ঘটনার চার দিন অতিবাহিত হলেও এখনও উদ্ধার কাজ শুরু হয়নি। তবে বন বিভাগের নিজস্ব তৎপরতায় শুধু গলিত সার অপসারণের চেষ্টা চলছে। এ ঘটনায় বন বিভাগের পক্ষ থেকে বাগেরহাটের শরণখোলা থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। জেলা প্রশাসন ও বন বিভাগের পক্ষ থেকে পৃথক দুটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৩), নিউ নেশন (পৃ.১,ক.৫),

বাংলাদেশ টুডে (পৃ.১,ক.২)।

৭। ইলিশের অতিরিক্ত চাহিদায় বেড়েছে মূল্যস্ফীতি দাবি পরিকল্পনামন্ত্রীর

আগের মাসের তুলনায় মূল্যস্ফীতি বেড়েছে এপ্রিল মাসে। এজন্য বাংলা নববর্ষে ইলিশ মাছ কেনায় সবার আগ্রহকে কারণ হিসেবে দেখিয়েছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। পয়েন্ট টু পয়েন্ট ভিত্তিতে এপ্রিলে সাধারণ মূল্যস্ফীতি দাঁড়ায় ৬ দশমিক ৩২ শতাংশ। তার আগের মাস মার্চে সাধারণ মূল্যস্ফীতি ছিল ৬ দশমিক ২৭ শতাংশ। এপ্রিলে খাদ্যবহির্ভূত খাতে মূল্যস্ফীতি কমার পরও সার্বিক মূল্যস্ফীতি বাড়ার কারণ জানতে চাইলে পরিকল্পনামন্ত্রী ইলিশের চাহিদার বিষয়টি টেনে এনে বলেন, মূলত পহেলা বৈশাখকে কেন্দ্র করে ইলিশের দাম বৃদ্ধির কারণেই খাদ্যের মূল্যস্ফীতি বেড়ে যায়। পরিকল্পনামন্ত্রী গতকাল ৬ মে বুধবার পরিকল্পনা কমিশনে এক সংবাদ সম্মেলনে মূল্যস্ফীতির হালনাগাদ তথ্য তুলে ধরেন। সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.২), সংবাদ (পৃ.১,ক.৪), প্রথম আলো (পৃ.১৩,ক.৬), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৮), নিউ নেশন (শেষ পৃ.,ক.২)।

৮। শ্রমিক কল্যাণ তহবিলে মালিকদের অর্থ প্রদান বাধ্যতামূলক হচ্ছে

রপ্তানিমুখী সব শিল্পের মালিকদের বাধ্যতামূলকভাবে শ্রমিক কল্যাণ তহবিলে অর্থ প্রদান করতে হবে। এই অর্থ হবে রপ্তানি মূল্যের দশমিক শূন্য তিন শতাংশ বা প্রতি একশ' টাকায় তিন পয়সা। এর মাধ্যমে প্রতি বছর প্রায় ৬০ কোটি টাকা এ তহবিলে জমা হবে। কর্মক্ষেত্রে শ্রমিক নিহত বা আহত হলে বা চাকরি শেষে আর্থিক সুবিধা দেওয়ার জন্য এ অর্থ ব্যয় করা হবে। এর মধ্যে অর্ধেক সরাসরি শ্রমিকদের কল্যাণে ব্যয় হবে। বাকী অর্ধেক অর্থ কোনো প্রাকৃতিক দুর্যোগ বা দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত কারখানার শ্রমিকদের পাওনা পরিশোধে ব্যয় হবে। গতকাল ৬ মে বুধবার শ্রম আইনের বিধি চূড়ান্ত করার লক্ষ্যে উচ্চ পর্যায়ের বৈঠকে এ সিদ্ধান্ত হয়। এতে মালিকপক্ষের প্রতিনিধিরা সম্মতি দিয়েছেন বলে বৈঠক সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.২), প্রথম আলো (পৃ.১২,ক.৩), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩), ফিনানশিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.৬)।

৯। বাংলাদেশকে গভীর সমুদ্রবন্দর নির্মাণে সহায়তা দিতে চায় চীন

গভীর সমুদ্রবন্দর নির্মাণে বাংলাদেশকে সহায়তা দিতে চায় চীন। চীনের বিশেষ দূত তাই শি গতকাল ৬ মে বুধবার পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের চীনের এ আগ্রহের কথা জানান। তাই শি বলেন, বাংলাদেশের অনেক অগ্রগতি হয়েছে। এ উন্নয়ন কর্মকাণ্ড অব্যাহত রাখতে বাংলাদেশে রাজনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা প্রয়োজন। এক্ষেত্রে অভ্যন্তরীণ সমস্যা থাকলে তার সমাধান নিজেদেরই করতে হবে বলে জানান তিনি। সূত্র-যায়যায়দিন (পৃ.৩,ক.৬), জনকণ্ঠ (পৃ.৩,ক.৩), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৩)।

১০। ব্রিটেনে জাতীয় নির্বাচন আজ : লড়ছেন ১৩ বাংলাদেশি

আজ ৭ মে বৃহস্পতিবার ব্রিটেনের জাতীয় নির্বাচন। নির্বাচনী ঢেউ দোলা লেগেছে সিলেটেও। আত্মীয়স্বজনদের নিকট থেকে ক্ষণে ক্ষণে খবর নিচ্ছেন কার জয়-বিজয়ে অভিবাসীদের স্বার্থ সংরক্ষিত হবে। এছাড়া নির্বাচনে স্বতন্ত্র এবং মূলধারার দল থেকে প্রতিদ্বন্দ্বিতাকারী ১৩ বাংলাদেশিদের নিয়ে চলছে নানামুখী হিসেব-নিকেশ। তাদের পক্ষে ভোট চাইতে ইতোমধ্যে অনেকে সিলেট থেকে পাড়ি দিয়েছেন লন্ডনে। সূত্র-ইনকিলাব (পৃ.১, ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.৬), নিউ নেশন (পৃ.১,ক.৬)।

১১। রাজধানীর ঝুঁকিপূর্ণ ৩২১ ভবনে চিহ্ন দেবে রাজউক

রাজধানীর ঝুঁকিপূর্ণ ৩২১টি ভবনে 'ঝুঁকিপূর্ণ সাইনবোর্ড' লাগিয়ে দেবে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)। একই সঙ্গে এসব ভবনে রং করে ব্যবহারের অনুপযোগী ঘোষণা করবে। সরকারের ভূমিকম্প প্রস্তুতি ও সচেতনতা কমিটির গত ৫ মে মঙ্গলবারের সভার এ সিদ্ধান্ত রাজউকে পাঠানো হয়েছে। সে অনুযায়ী দ্রুত কাজ শুরু করবে রাজউক। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.৮)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, যুগান্তর, ডেইলি স্টার, ডেইলি সান : ঢাকার দুইজন ও চট্টগ্রামের একজন নির্বাচিত সিটি মেয়র শপথ গ্রহণ করেছেন উল্লেখ করে তারা নাগরিক সুবিধা নিশ্চিত করতে ও নগরের উন্নয়নে আন্তরিকভাবে কাজ করবেন এই প্রত্যাশা ব্যক্ত;

খ. ইত্তেফাক, ইনকিলাব, ডেইলি সান, ডেইলি স্টার : বাংলাদেশ-ভারত স্থল সীমান্ত চুক্তি অবশেষে ভারতের রাজ্য সভায় পাস হওয়ায় সন্তুষ্টি প্রকাশ;

গ. সংবাদ, যুগান্তর, ডেইলি সান, নিউ এজ : সুন্দরবনের ভোলা নদে পটাশ সার বোঝাই একটি কার্গো জাহাজ ডুবে যাওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে সুন্দরবনের পরিবেশ রক্ষা করতে অবিলম্বে এর নদ-নদীতে নৌযান চলাচল বন্ধ করাসহ সুন্দরবনের জন্য ক্ষতিকর সকল স্থাপনা অন্যত্র সরানোর ওপর গুরুত্বারোপ;

ঘ. সমকাল : সরকার রেলের আধুনিকায়নে যেসব প্রতিশ্রুতি দিয়েছে ও উদ্যোগ নিয়েছে তা যথাযথ বাস্তবায়ন হওয়ার প্রত্যাশা জানিয়ে বিদ্যমান অবকাঠামো ও লোকবলেই সেবার মান বৃদ্ধির দিকে নজর দেওয়ার সুপারিশ;

ঙ. ইনকিলাব : বঙ্গোপসাগরে মৎস্য সম্পদ সংরক্ষণের লক্ষ্যে ৬৫ দিন মাছ ও চিংড়ি আহরণ নিষিদ্ধ করার কথা

উল্লেখ করে মৎস্য সম্পদ সংরক্ষণ ও বঙ্গোপসাগরকে দূষণমুক্ত রাখতে এবং জেলেদের নিরাপত্তায় সারাবছরই কার্যকর ও রুটিন মাফিক নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলার আহ্বান;

চ. ডেইলি স্টার : ঢাকার ৯২টি পার্কের মধ্যে অবশিষ্ট ৫৪টি পার্ক অবৈধ দখল ও অপব্যবহারের হাত থেকে সুরক্ষায় রাজউককে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : রাজস্ব আয় বাড়াতে আয়করযোগ্য খাতের পরিধি বাড়ানোর ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ;

জ. নিউজ টুডে : বাংলাদেশে সরাসরি বিদেশি বিনিয়োগ এফডিআই প্রবাহ অব্যাহত রাখতে এ ব্যাপারে লালফিতার দৌরাত্ম্য ও দুর্নীতি দূর করতে যথাযথ ব্যবস্থা নেওয়ার আহ্বান;

ঝ. নিউ নেশন : অবৈধ বিলবোর্ডগুলো নগরবাসীর জীবনের জন্য ঝুঁকিপূর্ণ হয়ে পড়ায় যথাযথ কর্তৃপক্ষকে দ্রুত তা অপসারণের ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

ঞ. ফিনানশিয়াল এক্সপ্রেস : স্বাস্থ্য খাতের সুযোগ সুবিধা কয়েকটি হাসপাতালে কেন্দ্রীভূত না রেখে তা সব হাসপাতালে বিকেন্দ্রীকরণের দ্বারা স্বাস্থ্য সেবা প্রাপ্তি বাড়ানোর ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতিতে দীর্ঘমেয়াদে ইতিবাচক পরিবর্তন আনতে হলে রাজনীতিবিদদের জনগণের স্বার্থে কাজ করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত ‘ঢাকার চারপাশে নদী দূষণ’ শিরোনামের নিবন্ধে আনিসুর রহমান দিপু ঢাকার চারপাশের সকল নদীর স্বাভাবিক অবস্থা ধরে রাখতে কঠোরভাবে নদী দূষণ রোধ, বর্জ্য ফেলা বন্ধ এবং ভূমিদস্যুদের প্রতিরোধে সামাজিক আন্দোলন গড়ে তোলা অত্যন্ত জরুরি বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা